তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২০১৪-১৫ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সার-সংক্ষেপ

| ক্রঃ নং | মন্ত্রণালয়/বিভাগের নাম | মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা | সমাপ্ত প্রকল্পর ধরণ | | | মূল সময় ও ব্যয়ের তুলনায় | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বিনিয়োগ প্রকল্পের সংখ্যা | কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা | জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা | সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ | ব্যয় অতি ক্রান্ত প্রকল্পের সংখ্যা | ব্যয় অতি ক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| ০১। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | ২ | ২ | - | - | ২ | ২ | ২৩.৫৩ % | ২ | ৫.৫১ % |

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ২

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ:

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

| সমস্যা | | সুপারিশ | |
|---|---|---|---|
| (১) | | (২) | |
| ৩.১ | মূল প্রকল্পটি বাস্তবায়নে মোট ৫ বছর সময় ব্যয় হয়েছে যা মূল অনুমোদিত বাস্তবায়নকাল অপেক্ষা ০১ বছর বেশী। ৪ বছর ২ মাসে বাস্তবায়নের জন্য নির্ধারিত প্রকল্প ২৩.৫৩% বেশী সময়ে বাস্তবায়ন কাম্য নয় । যথাসময়ে প্রকল্পটি বাস্তবায়িত হলে অনেক পূর্বেই সুফল পাওয়া যেতো। | ৩.১ | ভবিষ্যতে অন্য কোন প্রকল্পের বাস্তবায়নের ক্ষেত্রে যাতে সময় বেশী না লাগে এবং যথা সময়ে প্রকল্প শেষ করা যায় বা অস্বাভাবিক বিলম্ব না ঘটে সে বিষয়ে সংস্থা ও মন্ত্রণালয়কে সচেষ্ট থাকবে হবে |
| ৩.২ | ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী : প্রকল্পটির বাস্তবায়নকালীন সময় ( ২০০৬ থেকে ডিসেম্বর ২০ ১৩) পর্যন্ত ৫ বছর ২ মাসে মোট ৩ জন কর্মকর্তা খন্ডকালীন প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেন। ঘন ঘন প্রকল্প পরিচালক বদলিজনিত কারণে প্রকল্প বাস্তবায়ন বিঘ্নিত হয়েছে বলে প্রতীয়মান হয়। | ৩.২ | প্রকল্পের আওতায় সৃষ্ট অবকাঠামো এবং স্থাপিত অত্যাধুনিক যন্ত্রপাতিসমূহের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্যে বর্ণিত সেবাসমূহ নিশ্চিত করতে হবে |
| ৩.৩ | | ৩.৩ | সিষ্টেমটিকে কার্যকর ও ব্যবহারোপযোগী রাখতে হলে এবং সর্বোপরি প্রকল্পটির উদ্দেশ্য সাধনকল্পে সংস্থার রাজস্ব বাজেটে প্রয়োজনীয় জনবল নিয়োগ করার বিষয়ে সংস্থা এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অগ্রাধিকারভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে |

## ডেভেলপমেন্ট অব ন্যাশনাল আইসিটি ইনফ্রা-নেটওয়ার্ক ফর বাংলাদেশ গভর্ণমেন্ট (বাংলাগভ:নেট) শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত ঃ জুন ২০১৫)

| | | | |
|---|---|---|---|
| ১। | প্রকল্পের নাম | ঃ | Development of National ICT Infra-Network for Bangladesh Government (BanglaGovNet) |
| ২। | প্রকল্পের অবস্থান | ঃ | ৫৮টি মন্ত্রণালয়/বিভাগ, ২২৭টি দপ্তর/অধিদপ্তর/সংস্থা, ৬৪টি জেলা ও ৬৪টি উপজেলা |
| ৩। | প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ | ঃ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ |
| ৪। | বাস্তবায়নকারী সংস্থা | ঃ | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল |
| ৫। | প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় | ঃ | |

**(লক্ষ টাকা)**

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্র সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ২৮১৪৮.৩০ | ৩০৭৪০.৬৬ | ২৯৭০০.৬৩ | এপ্রিল ২০১০ থেকে জুন,২০১৪ | এপ্রিল ২০১০ থেকে জুন,২০১৫ | ৫ বছর | ১৫৫২.৩৩ (৫.৫১%) | ১ বছর (২৩.৫৩%) |

৬। **<u>প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন</u>** ঃ

প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজের সংস্থান এবং PCR এ প্রদর্শিত প্রাপ্ত তথ্যানুযায়ী জুন, ২০১৫ সময় পর্যন্ত প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতি (আর্থিক ও বাস্ত্মব) বিবরণ নীচের সারণীতে প্রদর্শিত হলো ঃ

(লক্ষ টাকায়)

| ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|
| | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| **Revenue** | | | | | |
| Pay of Officers | জন | ৪০৫.০২ | ৭৩ | ৪০৫.০১ (১০০.০০) | ৬৮ (৯৩.১৫%) |
| Pay of Staffs | ,, | ১২১.৪৪ | ১৪৩ | ৫৪.৫৪ (৪৪.৯১) | ৩৭ (২৫.৮৭) |
| Allowances | ,, | ৫৮৯.৯০ | ২১৬ | ৪০৯.০৪ (৬৯.৩৪) | ১০৫ (৪৮.৬১) |
| Consultant | জনমাস | ১১২৪.৪৮ | ১১০ | ৯৭৫.৮৮ (৮৬.৭৮) | ১০৩MM (৯৩.৬৩) |

| ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|
| | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| Training & Education | জন | ৭৬২.৬৮ | ২৫০ | ৭৬২.৬৮ (১০০.০০) | ২৫০ (১০০.০০) |
| Operation Maintenance | | ১৮০৭.৮২ | LS | ১৯৫৬.৩৫ | LS |
| Survey, Network Planning & Design Services, documentation & Project Implementation Administrative Services including Project Management | - | ১৮২১.৭৮ | LS | ১৮২১.৭৮ (১০০.০০) | LS |
| Final Acceptance Test, Provisional Acceptance Test, Factory Premises Acceptance Test | - | ৫১৬.১০ | LS | ৫১৬.১০ (১০০.০০) | LS |
| Freight, Insurance and Local Transportation & Storage | - | ৩৩৪.২০ | LS | ৩৩৪.২০ (১০০.০০) | LS |
| Other Taxes for consultants, Lease Line Rental etc. | - | ৫০৩.৪৫ | LS | ৪৯১.৫৭ (৯৭.৬৩) | LS |
| C&F Commission/Interest | - | ৭৫.০০ | LS | ৩১.২০ (৪১.৬০) | LS |
| Contingency/Miscellaneous | - | ৩১৭.০২ | LS | ১৭০.২০ (৫৩.৬৮) | LS |
| **Sub -Total** | - | ৮৩৭৮.৮৮ | | ৭৯২৮.৫৫ | |
| **Capital** | | | | | |
| Motor Vehicle | - | ১২৭.৫৯ | ০৩ | ১২৭.৫৯ (১০০.০০) | LS |
| Equipments and Machineries | - | ১০৪৬৭.৬৩ | LS | ১০৪৬৭.৬৩ (১০০.০০) | LS |
| Software & Application | - | ১৯০৯.৫৯ | LS | ১৯০৮.২৭ | LS |
| Installation | | ২৪৭০.২৪ | LS | ২৪৭০.২৪ | LS |
| Lease Line Rental | - | ২৬৯৯.১২ | LS | ২৬৯৯.১২ | LS |
| Furniture | - | ৬১৮.৩৩ | LS | ৫৯৫.৫১ | LS |
| Service Charge | - | ২৩.৬৩ | LS | ২৩.৯৮ | LS |
| Others (Road Cutting Compensation) | - | ২৪০.০০ | LS | ৮৪.৩১ | LS |
| CD/VAT (25%), | - | ৩৩৬৬.৫১ | LS | ৩৩৬৬.০০ | LS |
| **Sub Total** | - | ২১৯২২.৬৪ | | ২১৭৪২.৬৫ | |
| Physical Contingency | - | ৩০৭.৪৬ | LS | ২৯.৪৩ | LS |
| Price Contingency | - | ৭০০.০০ | LS | ০ | LS |
| Total | - | ৩০৭৪০.৬৬ | - | ২৯৭০০.৬৩ (৯৬.৬১) | - |

৭। **প্রকল্পের কাজ অসমাপ্ত থাকলে তার কারণ ঃ** প্রকল্পের বাস্তব কোন কাজ অসমাপ্ত নেই।

৮। প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন পদ্ধতি

আলোচ্য প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নলিখিত বিষয়/পদ্ধতি অনুসৃত হয়েছেঃ

- ✓ প্রকল্পের আরডিপিপি পর্যালোচনা;
- ✓ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- ✓ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের 'প্রকল্প সমাপ্তি প্রতিবেদন' এর তথ্য পর্যালোচনা;
- ✓ Random Selection-এর ভিত্তিতে কতিপয় কাজের দরপত্র পর্যালোচনা;
- ✓ প্রকল্পের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের নিমিত্ত সরেজমিন পরিদর্শন; এবং
- ✓ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে পর্যালোচনা।

৯। **সাধারণ পর্যবেক্ষণ ঃ** সম্পূর্ণ জিওবি অর্থায়নে প্রকল্পটির সর্বশেষ সংশোধিত প্রাক্কলিত ব্যয় ৩০৭৪০.৬৬ লক্ষ টাকার বিপরীতে ক্রমপুঞ্জিত ব্যয়ের পরিমাণ ২৯৭০০ লক্ষ টাকা যা মোট ব্যয়ে ৯৬.৬১%।

৯.১ **প্রকল্পের পটভূমি** ঃ

তথ্য প্রযুক্তির এই যুগে বহু উন্নয়নশীল দে শ তথ্য প্রযুক্তিকে কাজে লাগিয়ে দারিদ্র বিমোচন , সুশাসন ব্যবস্থা এবং অর্থনৈতিক কর্মকান্ডকে গতিশীল করার ক্ষেত্রে অনেক দূর এগিয়ে গেছে। সুশাসন বাংলাদেশের জন্য একটি বড় চ্যালেঞ্জ। তথ্য প্রযুক্তিরকে কাজে লাগিয়ে বাংলাদেশ সরকার সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে কিছু পদক্ষেপ গ্রহণ করেছে। e-governence প্রতিষ্ঠা করা তার মধ্যে একটি। e-governence কর্মসূচী গ্রহণের মাধ্যমে সরকার দেশে সুশাসন নিশ্চিত করা এবং সরকারী কর্মকান্ডে স্বচ্ছতা আনার জন্য এই প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রকল্পটি গ্রহণের পূর্বে ২০০৬ সালে National Info network project for Bangladesh Government (Banglagov.net) নামে একটি সমীক্ষা রিপোর্ট প্রকাশ করা হয়। অতঃ পর ২০০৮ সালে Korea Exim Bank এর পক্ষে Datu Data corporation ও একটি সমীক্ষা পরিচালনা করে। উল্লেখিত সমীক্ষা রিপোর্টের ভিত্তিতে একটি শক্তিশালী ও কার্যকর public network স্থাপনের জন্য ৩টি পর্যায়ে কার্যক্রম গ্রহণের পরিকল্পনা গ্রহণ করা হয়। তন্মধ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর/সংস্থা এবং জে লাসমূহকে ফা ইবার অপটিক এর মাধ্যমে interconnect করা, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল National ICT centre, সকল জেলা প্রশাসক এর কার্যাল য়ে জেলা আইসিটি সেন্টার এবং ৩১টি উপজেলা কার্যালয়ে উ পজেলা আইসিটি সেন্টার স্থাপন করা। পরবর্তীতে ১ম সংশোধনীর মাধ্যমে উপজেলার সংখ্যা ৩১ হতে ৬৪ টি করা হয়।

৯.২ **প্রকল্পের উদ্দেশ্য ঃ**

- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর/সংস্থা, জেলা ও উপজেলা পর্যায়ের দপ্তরের মধ্যে নেটওয়ার্ক স্থাপনের মাধ্যমে সরকারি কাজের দক্ষতা বৃদ্ধি;
- জনপ্রশাসনে আইসিটি ব্যবহার ও প্রয়োগের মাধ্যমে দক্ষতা, জবাবদিহিতা, স্বচ্ছতা বৃদ্ধি, সম্পদের অপচয় কমানো, পরিকল্পনা তরান্বিত ও সেবার গুনগত মান উন্নয়ন করা;
- ব্যাপক কম্পিউটারাইজেশনের মাধ্যমে সমন্বিত তথ্য ব্যবস্থাপনা ও বিয়াল টাইম প্রশাসন প্রবর্তন; এবং
- ফলপ্রসু ই-গভর্ণমেন্ট বাস্তবায়নের জন্য দেশব্যাপী উপযুক্ত পাবলিক নেটওয়ার্ক ব্যাকবোন স্থাপন করা।

৯.৩ **প্রকল্পের অনুমোদন ও সংশোধন অবস্থা** ঃ

বিগত ০৬/০৪/২০১০ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় প্রকল্পটি এপ্রিল ২০১০ হতে জুন ২০১৪ মেয়াদে মোট ২৮১,৪৮.৩০ লক্ষ টাকা ব্যয়ে অনুমোদিত হয় যার মধ্যে বাংলাদেশ সরকারের অংশ ৬৭,০৮.১০ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ২১৪,৪০.২০ লক্ষ টাকা। পরবর্তীতে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক এপ্রিল ২০১০ হতে ডিসেম্বর ২০১৪ মেয়াদে গত ০৯/০১/২০১৪ তারিখে ১ম সংশোধিত হয় যাতে ব্যয় ধরা হয় ৩০,৭৪০.৬৬ লক্ষ টাকা, তন্মধ্যে বাংলাদেশ সরকারের অংশ ৬২৩৬.৬৬ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ২৪,৫০৪.০০ লক্ষ টাকা। অতঃপর মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক এপ্রিল ২০১০ হতে জুন ২০১৫ মেয়াদে গত ১৮/০৫/২০১৫ তারিখে ২য় বার সংশোধিত হয় যাতে ব্যয় ধরা হয় ৩০,৭৪১.০০ লক্ষ টাকা, তন্মধ্যে বাংলাদেশ সরকারের অংশ ৬২৩৭.০০ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ২৪,৫০৪.০০ লক্ষ টাকা।

৯.৪ **প্রকল্পের অর্থায়ন** ঃ বাংলাদেশ সরকার ও EDCF (Economic Development Co-operation Fund, Korea)

৯.৪.১ প্রকল্পের পরিদর্শন পর্যবেক্ষণঃ


গত ২২/১২/২০১৫ তারিখে আইএমইডি এর পরিচালক (যুগ্ম-সচিব) কর্তৃক প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্টদের সাথে প্রকল্পের যে সমস্ত কার্যক্রমসমূহ গ্রহণ করা হয়েছে তার বাস্তবায়ন লক্ষ্যমাত্রার বিভিন্ন দিক নিয়ে মতবিনিময় করা হয়। মত বিনিময় শেষে প্রকল্পের আওতায় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এ স্থাপিত Network Operation Center (**NOC**) ও সার্ভার রুমসহ অন্যান্য সরঞ্জামাদি সরেজমিনে পরিদর্শন করা হয়। এসময়ে **NOC** রূমে কর্মরতদের সাথে কানেকটিভিটি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। যে সমস্ত জেলার সাথে **NOC** রূমের কানেকটিভিটি রয়েছে তা মনিটর এ প্রদর্শিত হতে দেখা যায়। কিছু কিছু জেলার কানেকটিভিটি বন্ধ দেখা যায়। এ ব্যাপারে জানতে চাইলে কর্মরতগণ জানান যে প্রকল্পের আওতায় কিছু কিছু স্থানে Oprational & maintanance এর কাজ চলছে। তাই সেটা বন্ধ দেখা যাচ্ছে। এছাড়া ভিডিও ক্যামেরা দ্বারা নিয়ন্ত্রিত মনিটরে সংশিষ্ট জেলার ঐ মুহূর্তের সার্ভার রূমের অবস্থা ও প্রদর্শিত হতে দেখা যায়। কানেকটিভিটির সুফল ও কার্যক্ষমতা সম্পর্কে জানতে চাইলে তারা Operating সিষ্টেমের মাধ্যমে কানেকটিভিটি চালু করে দেখান। বাংলাদেশকে বর্তমান উন্নত বিশ্বের সাথে তথ্য প্রযুক্তির প্রসার করার লক্ষ্যে এবং সমানভাবে তাল মিলিয়ে তথ্য ও প্রযুক্তি খাতকে লাভজনক খাত হিসেবে সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার সুদুর প্রসারি পদক্ষেপের অংশ হিসেবে কানেকটিভিকে শক্তিশালী করণ এবং তথ্য প্রযুক্তিকে মানুষের দোরগোড়ায় ছড়িয়ে এ কার্যক্রমকে আরো বেগবান করার ব্যাপারে গুরুত্বারোপ করা হয়। আপাতত: কানেকটিভিটির যে সমস্যাগুলি রয়েছে তা সঠিকভাবে পর্যবেক্ষণ করে Oprational & maintanance ব্যবস্থা কে কার্যকর করার জন্য কর্মকতাগণকে বিশেষভাবে দিক নির্দেশনা প্রদান করা হয়।

যেহেতু এ প্রযুক্তি আমাদের দেশে নতুনভাবে স্থাপন করা হয়েছে তাই উন্নয়ন সহযোগীদের কাছ থেকে সম্পূর্ন প্রযুক্তি দেশের এ খাতে কর্মরত দক্ষ ব্যক্তিরা সঠিকভাবে রপ্ত করে পরিচালনা করতে পারছে কিনা তার দিকেও দৃষ্টি দিতে হবে। তাছাড়া আইএমইডি কর্তৃক প্রকল্পের আওতায় বেশ কয়েকটি উপজেলা পরিদর্শন করা হয়েছে। সংগৃহীত যন্ত্রপাতিসমূহ বর্তমানে সচল রয়েছে এবং সেবা প্রদানের কাজে ব্যবহৃত হচ্ছে। প্রকল্পের অধিকাংশ ক্রয়কার্যে উন্মুক্ত দরপদ্ধতি অনুসরণ করা হয়েছে।

নিম্নে  প্রকল্প অফিস ও বিভিন্ন যন্ত্রপাতির ছবি দেয়া হলঃ



**Construct National ICT Centre (NICTC) at BCC Bhaban.**




**Construct Network Operation Centre(NOC) at BCC Bhaban.**



**District ICT Center (DICTC), Jessore DC Office**



**Upazila ICT Centre (UICTC), Kapasia, Gazipur**



**Network Equipment room of Forest Department, Dhaka**



**150 KVA UPS Room, BCC**

৯.৪.২ মন্ত্রণালয় হতে প্রাপ্ত পিসিআর এর ভিত্তিতে নীচে প্রকল্পের অনুকুলে সংশোধিত এডিপিতে অর্থ বরাদ্দ, অবমুক্ত এবং বছর ভিত্তিক ব্যয় নিম্নরূপ ঃ

( লক্ষ টাকায়)

| অর্থ বছর | সংশোধিত এডিপি বরাদ্দ | অর্থ অবমুক্তি | আর্থিক ব্যয় |
|---|---|---|---|
| **১** | **২** | ৩ | **৪** |
| ২০০৯-১০ | - | - | - |
| ২০১০-১১ | ৫৭৪.৭৫ | ৫৭২.১৫ | ৪৪২.১৯ |
| ২০১১-১২ | ৪৮৯.০০ | ৩৬৭.৬৬ | ৩১৮.৯৯ |
| ২০১২-১৩ | ৯৯০২.০০ | ৯৬২৭.৫৩ | ৯৫২৭.০৭ |
| ২০১৩-১৪ | ১০০৪৮.০০ | ৮৭৪৭.২৯ | ৮৭৩৬.৭১ |
| ২০১৪-১৫ | ১০৭৭৯.০০ | ১০৭৭৫.৬৭ | ১০৬৭৫.৬৭ |
| মোট | ৩১৭৯২.৭৫ | ৩০০৯০.৫০ | ২৯৭০০.৬৩ |

## ৯.৫ প্রকল্পের ব্যবস্থাপনা ঃ

| ক্রমিক নং | প্রকল্প পরিচালকের নাম | অবস্থানকাল | | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | জনাব মোঃ ময়েন উদ্দিন খান, যুগ্ম-সচিব | ১৭.০৮.২০১০ | ১৩.০১.২০১৪ | - |
| ২. | জনাব মোঃ ছরোয়ার মোস্তফা চৌধুরী সিস্টেমস্ এনালিস্ট | ১৪.০১.২০১৪ | ০১.০২.২০১৪ | - |
| ৩. | জনাব মোঃ মাহবুবুর রহমান, যুগ্ম-সচিব | ০৩.০২.২০১৪ | ৩০.০৬.২০১৫ | |

## ১০। প্রকল্পের উদ্দেশ্য অর্জন ঃ

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জন |
|---|---|
| বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর/সংস্থা, জেলা ও উপজেলা পর্যায়ের দপ্তরের মধ্যে নেটওয়ার্ক স্থাপনের মাধ্যমে সরকারি কাজের দক্ষতা বৃদ্ধি। | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর/সংস্থা, জেলা ও উপজেলা পর্যায়ের দপ্তরের মধ্যে নেটওয়ার্ক স্থাপন করা হয়েছে। |
| জনপ্রশাসনে আইসিটি ব্যবহার ও প্রয়োগের মাধ্যমে দক্ষতা, জবাবদিহিতা, স্বচ্ছতা বৃদ্ধি, সম্পদের অপচয় কমানো, পরিকল্পনা তরান্বিত ও সেবার গুনগত মান উন্নয়ন করা। | জনপ্রশাসনে আইসিটি ব্যবহার ও প্রয়োগের মাধ্যমে দক্ষতা, জবাবদিহিতা, স্বচ্ছতা বৃদ্ধি, সম্পদের অপচয় কমানো, পরিকল্পনা তরান্বিত ও সেবার গুনগত মান পরিলক্ষিত হয়েছে। |
| ব্যাপক কম্পিউটারাইজেশনের মাধ্যমে সমন্বিত তথ্য ব্যবস্থাপনা ও রিয়াল টাইম প্রশাসন প্রবর্তন। | ব্যাপক কম্পিউটারাইজেশনের মাধ্যমে সমন্বিত তথ্য ব্যবস্থাপনা ও রিয়াল টাইম প্রশাসন প্রবর্তন করা সম্ভব হয়েছে বলে প্রতীয়মান হয়। |
| ফলপ্রসু ই-গভর্ণমেন্ট বাস্তবায়নের জন্য দেশব্যাপী উপযুক্ত পাবলিক নেটওয়ার্ক ব্যাকবোন স্থাপন করা | ফলপ্রসু ই-গভর্ণমেন্ট বাস্তবায়নের জন্য দেশব্যাপী উপযুক্ত পাবলিক নেটওয়ার্ক ব্যাকবোন স্থাপন করা হয়েছে। |

১১। **উদ্দেশ্যে পুরোপুরি অর্জিত না হলে এর কারণ ঃ** উদ্দেশ্যে পুরাপুরি অর্জিত হয়েছে বলে প্রতীয়মান হয়। তবে এই সাথে ডেভেলপমেন্ট অফ ন্যাশনাল আইসিটি ইনফ্রা নেটওয়ার্ক ফর বাংলাদেশ গভর্নমেন্ট ফেজ -২ (ইনফ্রো-সরকার) প্রকল্পের সমন্বয়সাধন করা হলে প্রকল্পের উদ্দেশ্য আরও ফলপ্রসু হবে।

**১২। প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্য:**

দরপত্র সংক্রা **ন্ত** নথি যাচাইয়ের মাধ্যমে প্রকল্পটির আওতায় ক্রয়কৃত কাজটি পিপিএ ২০০৬ ও পিপিআর-২০০৮ অনুসরণে হয়েছে কিনা তা পর্যবেক্ষণ করা হয়। এ ক্ষেত্রে প্রকল্পটির আওতায় একাধিক প্যাকেজ/ লট থাকায় Random Selection এর মাধ্যমে কয়েকটি প্যাকেজ/লটের ক্রয় প্রক্রিয়া পর্যালোচনা করা হয়।

১৩। পিসিআর -এ প্রাপ্ত তথ্য অনুযায়ী স্থাপিত যন্ত্রপাতির এর তালিকা নিম্নরূপ

**<u>Installation</u>**

| **Description of items** | **Qty.** |
|---|---|
| IP Backbone Network Equipments | 1 |
| IP Access Network Equipments | 1 |
| IP Telephony Equipments | 1 |
| Outside Plant | 1 |
| Total Operation Support System | 1 |
| Server and Storage System | 1 |
| Infrastructure Facilities | 1 |

**<u>Connectivity</u>**

| | |
|---|---|
| NICTC | 1 |
| DHQ | 6 |
| DICTC | 58 |
| UICTC | 64 |
| Ministry | 58 |
| Department | 227 |
| IP Telephony | 1,450 |

**<u>Total Operation Support System in NOC</u>**

| | |
|---|---|
| EMS(Enterprise Management System) | 1 |
| SMS(Server Management System) | 1 |
| NMS(Network Management System) | 1 |
| TMS(Traffic Management System) | 1 |
| FNMS(Fiber Network Management System) | 1 |
| FMS(Facility Management System) | 1 |
| ESM(Enterprise Security Management) | 1 |
| Call Center | 1 |
| Dashboard System | 1 |

**Server and Storage System in NICTC**

| **Server** | |
|---|---|
| - Chassis | 2 |
| - Proxy Server | 1 |

| | |
|---|---|
| -Backup Server | 1 |
| - TOSS server | 5 |
| Cache Server | 7 |
| **DBMS Server** | |
| -MY-SQL DB Server | 8 |
| -TOSS DB Server | 4 |
| SAN Storage | |
| -Storage | 1 |
| -Tape Library | 1 |
| -SAN Switch | 2 |
| WAF(Web Application Firewall) | 2 |
| System Rack | 3 |

**Tools and Equipment in NOC**

| | |
|---|---|
| Personal Computer (PC) with Printer | 9 |
| Multimedia Projector | 1 |
| CCTV | 5 |
| Heavy Duty Photocopy Machine | 1 |
| Air-conditioner | 3 |
| Printer and Fax Table | 1 |
| Computer Table | 6 |

১৩.৪ প্রকল্পের গাড়ি সংক্রান্ত তথ্যঃ

এ প্রকল্পের অনুমোদিত আরডিপিপি অনুসারে একটি Jeep ও দুইটি Microbas মোট ১২৭.৫৯ লক্ষ টাকা ব্যয়ে ক্রয় করা হয়েছে। গাড়ী ০৩টি গত ০১-**০৭**-২০১**৫** তারিখে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর প্রধান কার্যালয়ে রাজস্ব খাতে হস্তান্তর করা হয়।

১৩.৫ অডিটঃ

২০১০-১১ অর্থবছর থেকে ২০১৩-১৪ অর্থবছর পর্যন্ত সকল অডিট আপত্তি নিস্পত্তি হয়েছে। প্রকল্প সমাপ্তি অন্তে ২০১৪-১৫ অর্থবছরে অডিট সম্পন্ন হয়েছে। এতে দুইটি আপত্তি রয়েছে। আপত্তি দুইটির ব্রডশীট জবাব প্রদান প্রক্রিয়াধীন।

১৪। **সমস্যা** ঃ

১৪.১ প্রকল্প বাস্তবায়নে বিলম্ব ( Time Over-run)ঃ মূল প্রকল্পটি বাস্তবায়নে মোট **৫** বছর সময় ব্যয় হয়েছে যা মূল অনুমোদিত বাস্তবায়নকাল অপেক্ষা ১ বছর বেশী। ৪ বছর ২ মাসে বাস্তবায়নের জন্য নির্ধারিত প্রকল্প **২৩.৫৩%** বেশী সময়ে বাস্তবায়ন কাম্য নয় **|** যথাসময়ে প্রকল্পটি বাস্তবায়িত হলে অনেক পূর্বেই সুফল পাওয়া যেতো।

১৪.২ ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী : প্রকল্পটির বাস্তবায়নকালীন সম য় (২০০৬ থেকে ডিসেম্বর ২০ ১৩) পর্যন্ত ৫ বছর ২ মাসে মোট ৩ জন কর্মকর্তা খন্ডকালীন প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেন। ঘন ঘন প্রকল্প পরিচালক বদলিজনিত কারণে প্রকল্প বাস্তবায়ন বিঘ্নিত হয়েছে বলে প্রতীয়মান হয়।

১৫। **সুপারিশ** ঃ

১৫.১ প্রকল্পের আওতায় সৃষ্ট অবকাঠামো এবং স্থাপিত অত্যাধুনিক যন্ত্রপাতিসমূহের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্যে বর্ণিত সেবাসমূহ নিশ্চিত করতে হবে।

১৫.২ ভবিষ্যতে অন্য কোন প্রকল্পের বাস্তবায়নের ক্ষেত্রে যাতে সময় বেশী না লাগে এবং যথা সময়ে প্রকল্প শেষ করা যায় বা অস্বাভাবিক বিলম্ব না ঘটে সে বিষয়ে সংস্থা ও মন্ত্রণালয়কে সচেষ্ট থাকবে হবে।

১৫.৩ প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতিসমূহের সুষ্ঠু ও নিয়মিত রক্ষণাবেক্ষণ এবং কার্যকর রাখার জন্য সেগুলো সংস্থার টিওইভুক্ত করে রাজস্ব বাজেটে বাৎসরিক পর্যাপ্ত বরাদ্দ রাখতে হবে।

১৫.৪ সিষ্টেমটিকে কার্যকর ও ব্যবহারোপযোগী রাখতে হলে এবং সর্বোপরি প্রকল্পটির উদ্দেশ্য সাধনকল্পে সংস্থার রাজস্ব বাজেটে প্রয়োজনীয় জনবল নিয়োগ করার বিষয়ে সংস্থা এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অগ্রাধিকারভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৫.৫ এই প্রকল্পের সাথে ডেভেলপমেন্ট অফ ন্যাশনাল আইসিটি ইনফ্রা নেটওয়ার্ক ফর বাংলাদেশ গভর্নমেন্ট ফেজ-২ (ইনফ্রো-সরকার) এর সমন্বয় ঘটিয়ে কার্যকর তথ্য প্রযুক্তির সুফল জনগণের দোরগোড়ায় পৌছে দিতে হবে।

১৫.৬ প্রকল্পের আওতায় প্রক্রিয়াধীন External Audit যথাশ্রীঘ্র সম্পন্ন করতে হবে।

১৫.৭ উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী (অনুচ্ছেদ ১৫.১-১৫. ৬ পর্যন্ত) গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০২ (দুই) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবিক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

## “অবকাঠামো উন্নয়নের মাধ্যমে বিসিসি শক্তিশালীকরণ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত ঃ জুন ২০১৫)

১.০। প্রকল্পের নাম : “অবকাঠামো উন্নয়নের মাধ্যমে বিসিসি শক্তিশালীকরণ (১ম সংশোধিত)”

২.০। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)।

৩.০। প্রশাসনিক মন্ত্রণালয় : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ এবং তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়।

৪.০। প্রকল্পের অবস্থান : বিসিসি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

৫.০। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রঃ ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল মোট টাকা প্রঃসাঃ | সর্বশেষ সংশোধিত মোট টাকা প্রঃসাঃ | | মূল | সর্বশেষ সংশোধিত (মেয়াদ বৃদ্ধি) | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৩৭৮৫.০৮ | ৬৭৫০.৬৪ | ৬৭৪৪.৮৪ | জুলাই,২০১১ হতে জুন,২০১৪ | জুলাই,২০১১ হতে জুন,২০১৫ | জুলাই,২০১১ হতে জুন,২০১৫ | ২৯৫৯.৭৬ ৫৬.১১% | ১ বছর ৩৩.৩৪% |

৬.০। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):**

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | অনুমোদিত মূল পিপি অনুযায়ী কাজের অংগ | একক | সর্বশেষ অনুমোদিত ডিপিপি সংস্থান | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক (%) | বাস্তব (%) | আর্থিক (%) | বাস্তব (%) |
| (১) | (২) | (৩) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১. | স্থাপত্য পরামর্শক সেবা | ফার্ম | ৭০.০০ | ১টি ফার্ম | ৭০.০০ (১০০%) | ১টি ফার্ম |
| ২. | যানবাহন ভাড়া | সংখ্যা | ২৩.০০ | ১টি মাইক্রোবাস | ২০.৭২ (৯০.০৯%) | ১টি মাইক্রোবাস |
| ৩. | বিবিধ | থোক | ৩০.০০ | থোক | ২৬.৪৮ (৮৮.২৭%) | থোক |
| ৪. | ভবনের উর্ধ্বমূখী সম্প্রসারণ (৫ম তলা থেকে ১৫ তলা) | ফ্লোর | ৪৫২০.২৬ | ফ্লোর ৪ হতে ফ্লোর ১৪ | ৪৫২০.২৬ (১০০%) | ফ্লোর ৪ হতে ফ্লোর ১৪ |
| ৫. | অভ্যন্তরীণ ও বহিঃভাগের বৈদ্যুতিক কাজ (৫ম তলা থেকে ১৫ তলা) | ফ্লোর | ১৯৫০.৪২ | ফ্লোর ৪ হতে ফ্লোর ১৪ | ১৯৫০.৪২ (১০০%) | ফ্লোর ৪ হতে ফ্লোর ১৪ |
| ৬. | আসবাবপত্র | সংখ্যা | ৩.৯৬ | ৩২ টি | ৩.৯৬ (১০০%) | ৩২ টি |
| ৭. | অফিস যন্ত্রপাতি ও সরঞ্জাম | সংখ্যা | ৩.০০ | ৪ টি | ৩.০০ (১০০%) | ৪ টি |
| ৮. | ফিজিক্যাল কন্টিজেন্সী | | ৫০.০০ | | ৫০.০০ (১০০%) | |
| ৯. | প্রাইজ কন্টিজেন্সী | | ১০০.০০ | | ১০০.০০ (১০০%) | |
| | **মোট=** | | **৬৭৫০.৬৪** | | **৬৭৪৪.৮৪ (৯৯.৯১%)** | |

**৭.০। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই মর্মে জানা গেছে।

**৮.০। সাধারণ পর্যবেক্ষণঃ**

৮.১। **পটভূমিঃ**

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে শীর্ষস্থানীয় সংস্থা । এটি ১৯৯০ সালে সংবিধিবদ্ধ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে বিসিসি আইন-১৯৯০ দ্বারা প্রতিষ্ঠিত হয়। বিসিসি'র নিজস্ব কোনো অফিসে ভবন ছিল না। সংস্থাটি একটি ভাড়াটে বাড়িতে তার কার্যক্রম দীর্ঘদিন ধরে চালিয়ে যাচ্ছিলো । বিসিসি'র মৌলিক চাহিদা বিবেচনা করে "বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের শক্তিশালীকরণ (ফেজ -১)" নামে একটি প্রকল্প ১৯৯৫ সালে বিসিসি এর নিজস্ব বিল্ডিং নির্মাণ এবং তার জনবল বৃদ্ধির লক্ষ্যে শুরু হয়, যাতে বিসিসি আইন-১৯৯০-এ প্রদত্ত ম্যান্ডেটগুলি দক্ষতার সাথে বিসিসি সম্পাদন করতে পারে। প্রথম পর্যায়ে ১৫-তলা বিসিসি ভবনের নির্মাণ কাজ নির্ধারিত ৪-তলা পর্যন্ত সম্পন্ন করা হয় এবং গণপূর্ত অধিদপ্তর ২০০৫ সালের জুন মাসে বিসিসিকে হস্তান্তর করে। ৪-তলা পর্যন্ত নির্মাণের পর বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ,বাংলাদেশ কোরিয়া ইনস্টিটিউট অব ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি (বিকেআইআইসিটি) এবং কয়েকটি প্রকল্প দপ্তর যেমন-'কম্পিউটার ল্যাবসমূহের প্রতিষ্ঠা এবং জেলা স্তরের শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে আইসিটি প্রশিক্ষণ চালু' ,'বাংলাদেশ সরকার-এর জন্য জাতীয় আইসিটি ইনফ্রা-নেটওয়ার্ক উন্নয়ন (বাংলাগভনেট)' , 'হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সহযোগিতার জন্য কালিয়াকৈরে হাই-টেক পার্ক স্থাপন' ইত্যাদি বিসিসি ভবনে নির্বাসিত করা হয়।

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ঢাকার আগারগাঁও এ অবস্থিত ১৫ তলা ভিত্তি বিশিষ্ট ৪ তলা ভবনে তাদের কার্যক্রম পরিচালনা করছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতকে গতিশীল করার ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতায় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল মূখ্য ভূমিকা পালন করে আসছে। বর্তমান

সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী "ডিজিটাল বাংলাদেশ" বিনির্মাণে বিসিসিরি কার্যক্রম সম্প্রসারণসহ আইসিটি বিজনেস ইনফিউশন সেন্টার , ইলেকট্রনিক স্বাক্ষর সার্টিফাইং অথরিটির কার্যালয় ও সফটওয়ার ফিনিশিং স্কুলের কার্যক্রম বিসিসি ভবনে চালু করার জন্য পর্যাপ্ত অবকাঠামোগত উন্নয়নের মাধ্যমে বিসিসিকে শক্তিশালী করা জরুরী। জাতীয় তথ্য ও যোগাযোগে প্রযুক্তি নীতিমালা বাস্তবায়ন, মনিটরিং এবং সরকারের ই গর্ভমেন্ট কার্যক্রম বাস্তবায়ন ও পর্যবেক্ষণসহ উপরোল্লিখিত বিভিন্ন উন্নয়ন কার্মকান্ড বাস্তবায়ন করার লক্ষ্যে বিসিসি ভবনের ৫ম-১৫ম তলা সম্প্রসারণের জন্য মোট ৬৭৫০.৬৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং জুলাই ২০১১ থেকে জুন ২০১৫ পর্যন্ত মেয়াদে আলোচ্য প্রকল্পটি গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে।

৯.২। **<u>প্রকল্পের উদ্দেশ্যঃ</u>**

১) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ভবন ৪র্থ তলা হতে ১৫ তলা পর্যন্ত বর্ধিতকরণের মাধ্যমে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ও অধিন্যস্ত অন্যান্য তথ্য প্রযুক্তি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলির কার্যক্রম শক্তিশালীকরণ;

২) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ভবনকে পরিবেশ বান্ধব প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে অটোমেশন, সোলার সিস্টেম, পানি ব্যবস্থাপনা সংযুক্তিকরণ করে একটি Interlligent Building এ রুপান্তর করা;

৩) তথ্য প্রযুক্তির ক্রম বিকাশে সহায়তার লক্ষ্যে সরকারের e-government কার্যক্রম একই ছাদের নীচে থেকে পরিচালনা, পরিবীক্ষণের জন্য তথ্য প্রযুক্তি সংশ্লিষ্ট সকল অধিন্যস্ত প্রতিষ্ঠানগুলিকে বিসিসি ভবনে স্থাপন করা এবং উপর্যুক্ত পরিবেশ তৈরী করা; এবং

৪) ডিজিটাল বাংলাদেশ এবং ভিশন ২০২১ এর লক্ষ্য অর্জনের উপযোগী অবকাঠামো নির্মাণ করা।

৭.৩। **অনুমোদন পর্যায়ঃ** আলোচ্য প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ৩৭৮৫.০৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১১ হতে জুন,২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের ব্যয় বৃদ্ধি করে মোট প্রক্কলিত ব্যয় ৬৭৫০.৬৪ লক্ষ টাকা নির্ধারণপূর্বক এবং বাস্তবায়ন মেয়াদ জুন ২০১৫ পর্যন্ত বর্ধিত করে প্রকল্পের ১ম সংশোধন গত ১৫/০৭/২০১৪ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়েছে।

**<u>৭.৪।প্রকল্পের মূল কার্যক্রমঃ</u>**

- স্থাপত্য পরামর্শক সেবা ;
- যানবাহন ভাড়া;
- বিবিধ;
- ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ (৫ম তলা থেকে ১৫ তলা) ;
- অভ্যন্তরীণ ও বহিঃভাগের বৈদ্যুতিক কাজ (৫ম তলা থেকে ১৫ তলা); এবং
- অফিস যন্ত্রপাতি ও সরঞ্জাম।

৭.৫। **<u>প্রকল্প ব্যবস্থাপনাঃ</u>** প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তাগণ প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

| ক্র: নং | প্রকল্প পরিচালকের নাম | দায়িত্ব গ্রহণ | দায়িত্ব হস্তান্তর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ জাবেদ আলী সরকার পরিচালক (সিস্টেমস), বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল। | ২০/০৭/২০১১ | ৩০/০৬/২০১৫ | পূর্ণকালীন |

৭.৬। **প্রকল্প পরিদর্শনঃ** প্রকল্পটির কার্যক্রম আইএমইডি 'র উপ-পরিচালক কর্তৃক ২১/০৮/২০১৭ তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালে উপ-প্রকল্প পরিচালক ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে আলোচনা করা হয়েছে। সরেজমিনে পরিদর্শন ও প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে।

৭.৭। **মূল্যায়ন পদ্ধতি (Methodology)** : মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি ( Methodology) অনুসরণ করা হয়েছেঃ

(ক) ডিপিপি, মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;

(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;

(গ) PEC, Steering Committee সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং

(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

**৮.০। প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতিঃ**

৮.১। **আর্থিক অগ্রগতিঃ** প্রকল্পটির সর্বশেষ অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ছিল ৬৭৫০.৬৪ লক্ষ টাকা। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে প্রাপ্ত সমাপ্তি প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পটির জুন,২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ৬৭৪৪.৮৪ লক্ষ টাকা (৯৯.৯১%)।প্রকল্পটির অনুকূলে ২০১১-১২ হতে ২০১৪-১৫ পর্যন্ত সময়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হলঃ

(লক্ষ টাকায়)

| আর্থিক বৎসর | সংশোধিত বরাদ্দ ও লক্ষ্যমাত্রা | | | | অর্থ অবমুক্ত | ব্যয় ও বাস্তব অগ্রগতি | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা (জিওবি) | প্রঃ সাঃ | বাস্তব (%) | | মোট | টাকা | প্রঃ সাঃ | বাস্তব (%) |
| ২০১১-১২ | ৫১৮.৭৬ | ৫১৮.৭৬ | -- | ৭.৬৮% | ৫১৯.০০ | ৫১৮.৭৬ | ৫১৮.৭৬ | -- | ৭.৬৯% |
| ২০১২-১৩ | ৭৯৯.৬২ | ৭৯৯.৬২ | -- | ১১.৮৫% | ৮০০.০০ | ৭৯৯.৬২ | ৭৯৯.৬২ | -- | ১১.৮৬% |
| ২০১৩-১৪ | ২২০৮.৬০ | ২২০৮.৬০ | -- | ৩২.৭২% | ২২০৯.০০ | ২২০৬.৮৭ | ২২০৬.৮৭ | -- | ৩২.৭২% |
| ২০১৪-১৫ | ৩২২৩.৬৬ | ৩২২৩.৬৬ | -- | ৪৭.৭৫% | ৩২২৩.০০ | ৩২১৯.৫৯ | ৩২১৯.৫৯ | -- | ৪৭.৭৩% |
| **মোট** | **৬৭৫০.৬৪** | **৬৭৫০.৬৪** | -- | **১০০%** | **৬৭৫১.০০** | **৬৭৪৪.৮৪** | **৬৭৪৪.৮৪** | -- | **১০০%** |

৮.২। **অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতির বি শ্লেষণ** প্রকল্পটির অগ্রগতি সম্পর্কিত সর্বশেষ প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী বাস্তব অগ্রগতি হয়েছে ১০০%। প্রকল্পটির প্রধান প্রধান অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে পর্যায়ক্রমে বর্ণনা করা হলঃ

৮.২.১ স্থাপত্য পরামর্শক সেবা : ডিপিপি'র সংস্থান অনুযায়ী স্থাপত্য পরামর্শক সেবা বাবদ ৭০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৭০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৮.২.২ যানবাহন ভাড়া: ডিপিপি'র সংস্থান অনুযায়ী যানবাহন ভাড়া বাবদ ২৩.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২০.৭২ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯০.০৯% এবং বাস্তবে ডিপিপির সংস্থান অনুযায়ী

১টি মাইক্রোবাস এর বিপরীতে ১টি মাইক্রোবাসই ক্রয় করা হয়েছে অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৮.২.৩ বিবিধ: ডিপিপি'র সংস্থান অনুযায়ী বিবিধ খরচ বাবদ ৩০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৬.৪৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ৮৮.২৭% এবং বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

৮.২.৪ ভবনের উর্ধ্বমূখী সম্প্রসারণ (৫ম তলা থেকে ১৫ তলা): ডিপিপি'র সংস্থান অনুযায়ী ভবনের উর্ধ্বমূখী সম্প্রসারণ (৫ম তলা থেকে ১৫ তলা) বাবদ ৪৫২০.২৬ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪৫২০.২৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তবে ৫ম তলা থেকে ১৫ তলা পর্যন্ত ভবন নির্মাণ করা হয়েছে। বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে মর্মে পিসিআর সূত্রে জানা যায়।



চিত্র: **নব নির্মিত বিসিসি ভবন**

৮.২.৫ অভ্যন্তরীণ ও বহিঃভাগের বৈদ্যুতিক কাজ (৫ম তলা থেকে ১৫ তলা): ডিপিপি'র সংস্থান অনুযায়ী অভ্যন্তরীণ ও বহিঃভাগের বৈদ্যুতিক কাজ (৫ম তলা থেকে ১৫ তলা) বাবদ ১৯৫০.৪২ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৯৫০.৪২ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তবে ডিপিপির সংস্থান অনুযায়ী ৫ম তলা থেকে ১৫ তলার বৈদ্যুতিক কাজ সম্পন্ন করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। সে হিসেবে বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।




চিত্র: **নির্মিত পূর্নাঙ্গ বিসিসি  ভবন**

৮.২.৬ আসবাবপত্র:   ডিপিপি'র সংস্থান অনুযায়ী আসবাবপত্র বাবদ ৩.৯৬ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩.৯৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি   ১০০% এবং বাস্তবে ডিপিপির সংস্থান অনুযায়ী   ৩২টি আসবাবপত্র এর বিপরীতে ৩২টি আসবাবপত্র ক্রয় সম্পন্ন  করা হয়েছে অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে  মর্মে পরিদর্শনকালে জানানো হয়েছে।



চিত্র: **বিসিসি অডিটরিয়াম** ( ছবি ভিতরে, সম্মুখ থেকে)

৮.২.৭ অফিস যন্ত্রপাতি ও সরঞ্জাম:   ডিপিপি'র সংস্থান অফিস যন্ত্রপাতি ও সরঞ্জাম বাবদ ৩.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ আর্থিক অগ্রগতি   ১০০% এবং বাস্তবে ডিপিপির সংস্থান অনুযায়ী  ৪টি যন্ত্রপাতির বিপরীতে  ৪টি যন্ত্রপাতি ক্রয়  করা হয়েছে অর্থাৎ বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।



চিত্র: অফিস যন্ত্রপাতি ও সরঞ্জাম।

**৯.০ । প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ**

| উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|
| ১. ৫ম তলা থেকে ১৫শ তলা পর্যন্ত বিসিসি ভবন উর্ধ্বমুখী সম্প্রসারণের মাধ্যমে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এবং অন্যান্য সম্ভাব্য আইসিটি এজেন্সির কার্যক্রমকে শক্তিশালী করা; | ১১-তলা পর্যন্ত বিসিসি ভবন নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার পূর্বে , অডিটোরিয়াম মে'২০১৩ তারিখে পূর্ণ কার্যকারিতাসহ সম্পন্ন হয় , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় সৃষ্টির পর এর অফিসের কার্যক্রম অক্টোবর'১৩ থেকে ৫ম তলায় এবং ডিসেম্বর'১৪থেকে ৬ষ্ঠ তলায় শুরু করে। পরবর্তীতে ১৫-তলা সম্পন্ন হলে আইসিটি বিভাগ ৭ম তলায়ও তার অফিস সম্প্রসারন করে। বর্তমানে হাই-টেক পার্ক অথরিটি -১০তলায়, আইসিটি ডিরেক্টরেট-১১তলায় ,ফোর টায়ার ডাটা সেন্টার স্থাপন ও ইনফো-সরকার ফেজ-৩ প্রকল্প-১২তলায়, সফটওয়ার কোয়ালিটি পরীক্ষা ও সার্টিফিকেশন সেন্টার, উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমী, বিডি আইটিইসি এবং বিসিসি'র অন্যান্য প্রজেক্ট অফিসগুলি নির্বাচিত ফ্লোরগুলিতে পরিচালিত হচ্ছে। বর্তমানে বিসিসি পুনর্গঠন প্রক্রিয়া চলছে ; যেখানে ৩টি কার্যকরী বিভাগ থাকবে, ১০ টি সাব-ডিভিশন এবং ৪১ টি উইংস / সেলস ২৬৫ টি কর্মচারী থাকবে। এই সমস্ত অফিসগুলি বিসিসি বিভিন্ন ফর্মে প্রসারিত হবে, যা বিসিসি কার্যক্রমকে শক্তিশালী করবে। যখন সব অফিস পুরোপুরি চালু হবে তখন স্পষ্টতই আইসিটি কার্যক্রমগুলি শক্তিশালী হবে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। |
| ২. বিল্ডিং অটোমেশন,পুনর্নবীকরণযোগ্য শক্তি (সোলার) এবং পানি ব্যবস্থাপনা ইত্যাদি অন্তর্ভুক্ত করার মাধ্যমে | সেন্সর ভিত্তিক আলো , শক্তি সংরক্ষণের আলো , স্বয়ংক্রিয় পানি ব্যবস্থাপনা, ভূগর্ভস্থ জলাধার থেকে ওভারহেড ট্যাংক পর্যন্ত স্বয়ংক্রিয়ভাবে পানি তোলার ব্যবস্থা করা হয়েছে । তাছাড়া, ছাদের |

| উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|
| বিসিসি ভবনে সবুজ প্রযুক্তি (Green Technology) ব্যবহার করে একটি বুদ্ধিমান বিল্ডিং (Intelligent Building) নির্মাণ করা; | উপরে সোলার প্যানেল ইনস্টল করা হয়েছে, যা থেকে প্রতিদিন অন গ্রীডে ১৫-২০কি.ওয়াট বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। |
| ৩. বিসিসি ভবনের একই ছাদের নীচে আইসিটি ইনস্টিটিউশনাল ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে সরকারের আইসিটি /ই-গভর্নেন্স কার্যক্রম সরবরাহ এবং নজরদারি সহজতর করা; | আইসিটি বিভাগের নিবীড় পর্যবেক্ষণ ও তত্ত্বাবধানে বিসিসি ভবনে ইতোমধ্যে স্থাপিত বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল , আইসিটি ডিরেক্টরেট, হাই-টেক পার্ক কর্তৃপক্ষ , সিসিএ অফিস, বিশেষ প্রভাব ল্যাব, টাইটানিয়াম ল্যাব, বিশেষায়িত নেটওয়ার্ক ল্যাব, জাতীয় ডাটা সেন্টার, নেটওয়ার্ক অপারেশন সেন্টার (এনওসি), ভিডিও কনফারেন্স ম্যানেজমেন্ট সিস্টেম এবং বিডি আইটিইসি ইত্যাদি ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ব্যাপক ভূমিকা রাখছে । উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমী, সফটওয়ার কোয়ালিটি টেস্টিং ও সার্টিফিকেশন সেন্টার, আইসিটি ইনকিউবেটর , ডিজিটাল ফরেনসিক ল্যাব ইত্যাদির মতো কয়েকটি শ্রেষ্ঠত্বের কেন্দ্র স্থাপন প্রক্রিয়াধীন রয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। |
| ৪. সরকার ,একাডেমী এবং শিল্পের জন্য ‘শ্রেষ্ঠত্বের একটি কেন্দ্র’ (Centre of Excellence) হিসেবে আইসিটিতে সম্ভাবনাময় এজেন্সি , কর্তৃপক্ষ, প্রতিষ্ঠান এবং শিল্প উদ্যোক্তাদের নিয়ে একটি একক কমপ্লেক্স গড়ে তোলা; | ধীরে ধীরে সব আইসিটি সংক্রান্ত সংস্থাগুলি এই বিসিসি বিল্ডিং এ স্থান গ্রহণ করছে এবং সমাবেশ করছে। বিসিসি ভবন ইতিমধ্যেই শ্রেষ্টত্বের একটি কেন্দ্র হয়ে উঠেছে যেখানে সরকার , একাডেমী এবং শিল্প নেতাদের আইসিটি সংক্রান্ত সমস্যা , চ্যালেঞ্জ এবং সম্ভাব্য সমাধান নিয়ে আলোচনা করতে ঘন ঘন বৈঠক হচ্ছে মর্মে জানা যায়। |
| ৫. ভিশন-২০২১: ডিজিটাল বাংলাদেশ লক্ষ্য অর্জনের জন্য উপযুক্ত ভৌত অবকাঠামো উন্নয়ন। | ভিশন -২০২১: ডিজিটাল বাংলাদেশ এর লক্ষ্য অর্জনের জন্য ১৫-তলা বিশিষ্ট বিসিসি ভবনটি কার্যকর ভূমিকা পালন করছে। মূলতঃ বিসিসি ভবনে আইসিটি বিভাগ এবং এর অধীনস্থ সংস্থাসমূহ অবস্থিত হওয়ায় দেশব্যাপী আইসিটি কর্মকান্ডকে ছড়িয়ে দেয়ার কাজটি সহজতর হয়েছে। বিশেষতঃ বিসিসি কর্তৃক বাস্তবায়িত/বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ এখান থেকে সঠিকভাবে মনিটরিং ও সুপারভাইজ করার কারণে ডিজিটাল বাংলাদেশ লক্ষ্য অর্জন ত্বরান্বিত হবে মর্মে আশা করা যায়। |

**১০। উদ্দেশ্য অর্জিত না হলে উহার কারণঃ** প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে মর্মে পিসিআর-এ উল্লেখ করা হয়েছে।

**১১। <u>প্রকল্পের প্রভাব</u>**

**ক). প্রত্যক্ষ:** বিসিসি ভবন নির্মাণের ফলে সরকারের আইসিটি / ই-গভর্নেন্স কার্যক্রম সরবরাহ এবং নজরদারির জন্য এক ছাদের নীচে আইসিটি ইনস্টিটিউশনাল ব্যবস্থা গড়ে তুলতে সুবিধা হয়েছে।

**খ). পরোক্ষ:** একটি একক কমপ্লেক্সে প্রকল্পটি আইসিটি এজেন্সি ,কর্তৃপক্ষ প্রতিষ্ঠান এবং শিল্পের সমন্বয় সাধন করে বর্তমান সরকার, একাডেমী এবং শিল্পের জন্য শ্রেষ্ঠত্বের একটি কেন্দ্র তৈরি করেছে।

## **১২। সমস্যাঃ**

১২.১ প্রকল্পটির বাস্তবায়নে পিডব্লিউডি'র ধীরগতি লক্ষ্যণীয় ছিল। তাছাড়া ঠিকাদারেরও আন্তরিকতার অভাব ছিল মর্মে পরিদর্শনকালে জানা যায়;

১২.২ প্রকল্পটি বাস্তবায়নে প্রণীত Work Plan বিসিসি যথাযথভাবে Maintain করতে পারেনি;

১২.৩ Manpower কে Training দিয়ে কাজ এগোতে হয়েছে। ফলে প্রকল্পটির বাস্তবায়নে সময়ক্ষেপন হয়েছে;

১২.৪ প্রকল্পের কাজ Proper Supervision এর যথেষ্ট অভাব ছিল মর্মে পরিদর্শনকালে জানা যায়;

১২.৫ Civil Work ও Electrical Work আলাদা ঠিকাদার হওয়ার ফলে তাদের মধ্যে সমন্বয়হীনতার অভাব পরিলক্ষিত হয়েছে;

১২.৬। আলোচ্য প্রকল্প বাস্তবায়ন কালে ডিপিপি 'র সংস্থান অনুযায়ী সময়মত পর্যাপ্ত বরাদ্দ পাওয়া যায়নি মর্মে জানা যায়; এবং

১২.৭। প্রকল্পের External অডিট সম্পন্ন হয়েছে মর্মে পিসিআর পরীক্ষান্তে দেখা যায়। তবে প্রকল্পের অডিট প্রতিবেদন আইএমইডিতে পাওয়া যায়নি;

১২.৮। প্রকল্পটি সমাপ্ত হয় জুন, ২০১৫ সালে। প্রকল্প সমাপ্তির পর আইএমইডিতে ০৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণের কথা থাকলেও আইএমইডিতে পিসিআর প্রেরণ করা হয় ২০/১০/২০১৬ এ। এর ফলে মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন বিলম্বিত হয় এবং আইএমইডি কর্তৃক সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন সংক্রান্ত সংকলন পুস্তিকা প্রণয়নও বিলম্বিত হয়, যা কাম্য নয়;

## **১৩। সুপারিশঃ**

১৩.১। ভবিষ্যতে পিডব্লিউডি-কে যথাসময়ে প্রকল্প বাস্তবায়নে আন্তরিক ও সচেষ্ট হতে হবে;

১৩.২। প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রণীত Work Plan বিসিসি ভবিষ্যতে যথাযথভাবে Maintain করতে হবে;

১৩.৩। প্রশিক্ষিত Manpower সম্পন্ন ঠিকাদার প্রতিষ্ঠান বাছাইয়ে আগামীতে আরো সতর্ক ও যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে;

১৩.৪। প্রকল্পের কাজ যথাযথভাবে সমাপ্তির লক্ষ্যে ভবিষ্যতে দক্ষ জনবল দ্বারা Supervision Committee গঠনপূর্বক বাস্তবায়নকাজ মনিটরিং করতে হবে;

১৩.৫। প্রকল্পের অনুকূলে ডিপিপি'র সংস্থান অনুযায়ী সময়মত পর্যাপ্ত বরাদ্দ প্রদান ও অর্থ ছাড়ের বিষয়ে ভবিষ্যতে মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে;

১৩.৬। সমাপ্ত প্রকল্পটির অডিট প্রতিবেদন আইএমইডিতে দ্রুত প্রেরণ করতে হবে;

১৩.৭। ভবিষ্যতে কোন প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) প্রনয়নপূর্বক তা আইএমইডিতে আবশ্যিকভাবে প্রেরণ করার ব্যাপারে মন্ত্রণালয়কে কার্যকরী ভূমিকা পালন করতে হবে;

১৩.৮। অনুচ্ছেদ ১ ৩.১ হতে ১৩. ৭ এর সুপারিশসমূহের আলোকে প্রশাসনিক মন্ত্রণালয়, ICT বিভাগ এবং বিসিসি'র গৃহীত পদক্ষেপের অগ্রগতি আইএমই বিভাগকে অবহিত করতে হবে।